দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 FEB 2012 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন

সরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষকের অবসরের বয়স ৬৫ বছর

□ বাসস

মন্ত্রিসভা গতকাল দেশের ৩৪টি সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স ৬৫ বছর করার প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের কেবিনেট কক্ষে অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে পৃঃ ১২ কঃ ৩

শিক্ষকের অবসরের বয়স

প্রথম পৃষ্ঠার পর

এ অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে কেবিনেট সচিব মোহাম্মদ মোশাররফ হোসেন ভূঁইয়া বলেন, বর্তমানে বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের অবসরের বয়সের ক্ষেত্রে পৃথক পৃথক আইন রয়েছে। তিনি বলেন, 'সরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর) (বিশেষ আইন) অ্যাক্ট-২০১২' এর লক্ষ্য হচ্ছে সকল সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়স সমান করা। তিনি আরো বলেন, বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়- এই চারটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স ৬৫ বছর। সরকারের রূপকল্প ২০২১-এর আওতায় বিদ্যুৎ উৎপাদনের ভবিষ্যৎ পরিকল্পনার পাশাপাশি বিদ্যুৎ বিভাগের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে মন্ত্রিসভাকে অবহিত করা হয়।

বৈঠকে বলা হয়, গত অর্থবছরে বিদ্যুৎ উৎপাদন ১৩ দশমিক ৫ ভাগ বৃদ্ধি পেয়েছে। অথচ ১৯৯০ সালের পর দু'দশকে বিদ্যুৎ উৎপাদনের গড় বৃদ্ধি ছিল মাত্র ৭ ভাগ। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর সাড়ে ৫ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের ৫২টি প্রকল্প গ্রহণ করে। এর মধ্যে ইতোমধ্যেই ২৫টি প্রকল্পে উৎপাদন শুরু হয়েছে। এতে জাতীয় গ্রিডে দু'হাজারের বেশি বিদ্যুৎ যোগ হয়েছে। এছাড়া ৩ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম ২৭টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণাধীন আছে। আরো ৫ হাজার ৬শ' মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে দরপত্র আহ্বানের প্রক্রিয়া চলছে। বৈঠকে কাস্টম রেগুলেশন সংক্রান্ত কিয়োটো কনভেনশন সংশোধনের প্রস্তাব এবং শুল্ক বিষয়ে ডি-৮ সদস্য দেশসমূহের সঙ্গে সহযোগিতা জোরদারে ডি-৮ সদস্য দেশগুলোর মধ্যে কাস্টম সহযোগিতা বিষয়ে বহুমুখি চুক্তি অনুমোদনের প্রস্তাব অনুমোদন করা হয়।

বৈঠকে পরিবেশ ও বনমন্ত্রী ড. হাছান মাহমুদ সাবেক মার্কিন ভাইস প্রেসিডেন্ট আল গোরের আমন্ত্রণে বিজ্ঞান ও পরিবেশবিদদের একটি দলের সঙ্গে তার সফর অভিজ্ঞতা সংক্রান্ত একটি রিপোর্ট উপস্থাপন করেন।

বৈঠকে প্রখ্যাত সাংস্কৃতিক ব্যক্তিত্ব টেলিভিশন ও থিয়েটার অভিনেতা হুমায়ুন ফরীদি এবং মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সরোয়ার ও তার স্ত্রী মেহরুন রুমীর মৃত্যুতে একটি শোক প্রস্তাব গ্রহণ করা হয়।